BARASAT GOVT COLLEGE
LIBRARY
10 K N C Road, Barasat, Kol-124

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 1st Semester Examination, 2022-23

## BNGACOR01T-BENGALI (CC1)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাও: ১০× ৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

**একক - ১**

(ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম গ্রন্থের প্রকৃত নাম কী বলে মনে করা হয়? এই গ্রন্থটি কে, কোথা থেকে আবিষ্কার করেন? গ্রন্থটির সাহিত্যমূল্য বিচার করো। ১+২+৭

**অথবা**

(খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের আবিষ্কার সম্পর্কিত তথ্য সংক্ষেপে লেখো। কাব্যটির কাব্যমূল্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৩+৭

**একক - ২**

(গ) মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যে সমকালীন আর্থ-সামাজিক অবস্থার যে চিত্র ফুটে উঠেছে তা সংক্ষেপে বিবৃত করো। ১০

**অথবা**

(ঘ) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের কাহিনি সংক্ষেপে বিবৃত করো। এই কাব্যে কবির কৃতিত্ব সম্পর্কে বিচার করো। ৪+৬

**একক - ৩**

(ঙ) অনুবাদ সাহিত্যের সৃষ্টির সম্ভাব্য কারণগুলি আলোচনা করো। কৃত্তিবাস ওঝার অনূদিত রামায়ণ কাব্যে বাঙালী সমাজের যে প্রতিফলন পড়েছে, তার পরিচয় দাও। ৪+৬

**অথবা**

(চ) মহাভারতের তিনজন অনুবাদকের নাম লেখো। এই কাব্যের শ্রেষ্ঠ অনুবাদকের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো। ২+৮

**একক - ৪**

(ছ) প্রধান দুটি চৈতন্যজীবনী কাব্যের নাম উল্লেখ করো। কৃষ্ণদাস কবিরাজ রচিত চৈতন্যজীবনী কাব্যের পরিচয় দিয়ে কবির কৃতিত্ব বিচার করো। ১+৯

**অথবা**

(জ) পদাবলী সাহিত্যে কবি জ্ঞানদাসের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো। ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** বিষয় সম্পর্কে আলোচনা করো: ৫×২ = ১০

(ক) চর্যাপদের ভাষা
(খ) শিবায়ন
(গ) শ্রীকৃষ্ণবিজয়
(ঘ) পরাগলী মহাভারত।

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124*

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 1st Semester Examination, 2022-23

## BNGACOR02T-BENGALI (CC2)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**৫ নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে *একটি* করে প্রশ্ন নিয়ে আরও *চারটি* প্রশ্নের উত্তর দাও।**
**(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)**

### একক -১

১। 'কণ্টক গাড়ি কমল সম পদতল/মঞ্জীর চীরহি ঝাঁপি' – কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? পদটি বিশ্লেষণ করে এই পর্যায়ের পদে কবির কৃতিত্ব বিচার করো। ১+১+৮

**অথবা**

ঐশ্বর্য ও মাধুর্যভাবের সমন্বয়ে চৈতন্যপূর্ব ও চৈতন্যোত্তর যুগের বৈষ্ণব পদাবলী সাহিত্য কাব্যরসময় হয়ে উঠেছে – আলোচনা করো। ১০

### একক -২

২। 'বাঙালির ঘরের কথাই বড় হ'য়ে দেখা দিয়েছে শাক্ত পদাবলীতে' – পাঠ্যপদ অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১০

**অথবা**

'কেবল আসার আশা, ভবে আসা, আসা মাত্র হলো।' – পদকর্তা ও পদপর্যায়ের নাম উল্লেখ করে পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+৮

### একক -৩

৩। "ভাঁড়ু দত্ত বাংলা সাহিত্যে অনন্য সংযোজন।" – পঠিত কাব্যাংশ অনুসরণে ভাঁড়ু দত্তের অনন্যতা ও এই চরিত্র-সৃষ্টিতে কবিকঙ্কনের কৃতিত্ব বিচার করো। ৫+৫

**অথবা**

"আধুনিক কালে জন্মালে ঔপন্যাসিক হতেন মুকুন্দ চক্রবর্তী" – 'চণ্ডীমঙ্গল কাব্য (আখেটিক খণ্ড)' অবলম্বনে আলোচ্য মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

### একক -৪

৪। 'চৈতন্যভাগবত'-এর আদিখণ্ডের দশম অধ্যায় 'বিষ্ণুপ্রিয়া পরিচয় বর্ণন' অংশটির পরিচয় দাও। প্রসঙ্গত, বিষ্ণুপ্রিয়া চরিত্র বর্ণনে বৃন্দাবন দাসের দক্ষতা বিচার করো। ৫+৫

**অথবা**

'চৈতন্যভাগবত'-এর আদিখণ্ড অবলম্বনে 'গৌরাঙ্গ অবতরণের হেতু' এবং তৎকালীন 'নবদ্বীপের অবস্থা'র পরিচয় দাও। ৫+৫

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

৫। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২=১০

(ক) অভিনব হেম কল্পতরু সঞ্চরু ১+১+৩

ভকত-ভ্রমরগণ ভোর।

– কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) 'আমায় দেও মা তবিলদারী' – কার লেখা ? কোন্ পর্যায়ের পদ ? উক্তিটির মর্মার্থ ব্যাখ্যা করো। ১+১+৩

(গ) "শাশুড়ী ননদী নাহি নাহি তোর সতা। ১+১+১+২

কার সনে দ্বন্দ্ব করি চক্ষু কৈলি রাতা।।"

– বক্তা কে ? কার উদ্দেশে এই উক্তি ? 'রাতা' শব্দের অর্থ কি ? প্রসঙ্গ উল্লেখ করো।

(ঘ) "ফলবন্ত বৃক্ষ আর গুণবন্ত জন। ১+১+৩

নম্রতা সে তাহার স্বভাব অনুক্ষণ।।"

'চৈতন্যভাগবত'-এর কোন্ অধ্যায় থেকে নেওয়া হয়েছে ? 'দিগ্বিজয়ী' কে ? উদ্ধৃত অংশটির মর্মার্থ লেখো।

——×——

BARASAT GOVT COLLEGE
LIBRARY
*10 K N C Road, Barasat, Kol-124*

লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 1st Semester Examination, 2021-22

## BNGACOR01T-BENGALI (CC1)

### প্রাগাধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস

Time Allotted: 2 Hours Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০× ৪ = ৪০

**একক - ১**

(ক) চর্যাপদে গূঢ় ধর্মীয় সাধনতত্ত্বের প্রকাশ ঘটলেও, তারই মধ্যে গানগুলিতে তৎকালীন সমাজজীবন যেভাবে পরিলক্ষিত হয়, তার পরিচয় দাও। ১০

**অথবা**

(খ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যে কয়টি খণ্ড ? এই কাব্যের কাহিনি ও আঙ্গিক আলোচনা করো। ১+৬+৩

**একক – ২**

(গ) মঙ্গলকাব্য উদ্ভবের প্রেক্ষাপট আলোচনা করো। মনসামঙ্গল কাব্যের যে-কোনো একজন পশ্চিমবঙ্গের কবির কৃতিত্ব নিরূপণ করো। ৪+৬

**অথবা**

(ঘ) ধর্মমঙ্গলকে কেন ‘রাঢ়ের জাতীয় মহাকাব্য’ বলে অভিহিত করা হয় ? এই কাব্যধারার একজন শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো। ৩+৭

**একক – ৩**

(ঙ) অনুবাদ সাহিত্যধারায় ‘পরাগলী মহাভারত’ ও ‘ছুটিখানি মহাভারত’ গ্রন্থ দুটি সম্পর্কে আলোচনা করো। ৫+৫

**অথবা**

(চ) রোসাঙ্গ রাজসভার দুইজন কবির নাম লেখো। এই রাজসভার যে-কোনো একজন কবির কবিকৃতিত্ব আলোচনা করো। ১+৯

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*

**একক – ৪**

(ছ) পদাবলী সাহিত্যে কবি বিদ্যাপতির কবিকৃতিত্ব আলোচনা করো। প্রসঙ্গক্রমে বাংলা সাহিত্যে বিদ্যাপতিকে অন্তর্ভুক্তির কারণ সংক্ষেপে উল্লেখ করো। ৭+৩

**অথবা**

(জ) শাক্ত পদাবলী সাহিত্যের ধারায় শাক্ত পদকর্তা রামপ্রসাদ সেনের কবি কৃতিত্বের পরিচয় দাও। ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** বিষয় সম্পর্কে আলোচনা করোঃ ৫×২ = ১০

(ক) বাংলা সাহিত্যে তুর্কি আক্রমণের প্রভাব

(খ) অন্নদামঙ্গল

(গ) মহাভারত অনুবাদক কাশীরাম দাস

(ঘ) নাথ সাহিত্যের বিবিধ ধারা।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 1st Semester Examination, 2021-22

## BNGACOR02T-BENGALI (CC2)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে *একটি* করে প্রশ্ন নিয়ে আরও *চারটি* প্রশ্নের উত্তর দাও।** ১০×৪ = ৪০
**(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)**

### একক - ১

১। “বহুদিন পরে বঁধুয়া এলে / দেখা না হইতে পরাণ গেলে॥” — এটি কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? পদটি বিশ্লেষণ করে কবির কৃতিত্ব বিচার করো। ১+১+৮=১০

**অথবা**

গীতিকবিতা হিসেবেও বৈষ্ণব পদাবলী আধুনিক কাব্য পাঠকের কাছে আকর্ষণীয় হয়ে উঠেছে — এ বিষয়ে তোমার মতামত ব্যাখ্যা করো। ১০

### একক - ২

২। আগমনী ও বিজয়া পর্যায়ের পদে সমকালীন সমাজের যে চিত্র ধরা পড়েছে তা পাঠ্যপদ অবলম্বনে আলোচনা করো। ১০

**অথবা**

“এমন দিন কি হবে তারা / যবে তারা ব'লে তারা বেয়ে পড়বে ধারা॥” — পদকর্তা কে ? পদটি কোন্ পর্যায়ের পদ ? উক্ত পদটির কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+৮=১০

### একক - ৩

৩। মুকুন্দ চক্রবর্তীর কাব্য অবলম্বনে ফুল্লরা চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

**অথবা**

হাস্যরস সৃষ্টিতে মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব আলোচনা করো। ১০

### একক - ৪

৪। পঞ্চদশ অধ্যায় অবলম্বনে চৈতন্য মহাপ্রভুর সহিত ঈশ্বরপুরীর সাক্ষাৎ ও গয়া গমনের ইতিবৃত্ত বর্ণনা করো। ১০

**অথবা**

‘চৈতন্যভাগবত’-এর আদি খণ্ড রচনায় বৃন্দাবন দাসের কৃতিত্ব আলোচনা করো। ১০

৫। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫× ২= ১০

(ক) ‘‘সই কেবা শুনাইল শ্যাম নাম’’ — পদটি কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩= ৫

(খ) ‘‘গিরি, এবার আমার উমা এলে, আর উমা পাঠাব না।
বলে বলবে লোকে মন্দ, কারো কথা শুনবো না।’’ ১+১+৩= ৫

— পদটি কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উক্তিটির মর্মার্থ লেখো।

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*

(গ) ‘‘দুঃখ কর অবধান দুঃখ কর অবধান
আমানি খাবার গর্ত্ত দেখ বিদ্যমান।’’ ১+৪= ৫

— কে এই উক্তি করেছে ? তার বারোমাসের জীবনযাত্রা কেমন বর্ণনা করো।

(ঘ) ‘‘নামমাত্র ভেদ কহে হিন্দুরে যবনে।
পরমার্থ এক কহে কোরানে পুরাণে॥’’ ১+৪= ৫

— কে, কাকে একথা বলেছে ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*

লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 1st Semester Examination, 2020, held in 2021

## BNGACOR01T-BENGALI (CC1)

### প্রাগাধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০× ৪ = ৪০

**একক - ১**

(ক) বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন কী ? কে এই গ্রন্থটি, কোথা থেকে আবিষ্কার করেন ? গ্রন্থটির সাহিত্যিক মূল্য বিচার করো। ১+১+১+৭

**অথবা**

(খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির রচয়িতা কে ? গ্রন্থটির আবিষ্কার বৃত্তান্ত সংক্ষেপে লেখো। এই গ্রন্থে সমকালীন সমাজচিত্রের যে প্রতিফলন লক্ষ্য করা যায় তার পরিচয় দাও। ১+২+৭

**একক – ২**

(গ) ভারতচন্দ্রের অন্নদামঙ্গল প্রকৃতপক্ষে কবির সমকালীন অবক্ষয়িত সমাজজীবনেরই শিল্প-সংগীত — আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) শিবায়ন কাব্যকে ‘শিবমঙ্গল’ আখ্যা দেওয়া কতদূর সংগত আলোচনা করো। প্রসঙ্গত, এই ধারার একজন উল্লেখযোগ্য কবির কাব্যকৃতির পরিচয় দাও। ৪+৬

**একক – ৩**

(ঙ) কবি কৃত্তিবাসকে মধুসূদন বলেছেন ‘এ বঙ্গের অলঙ্কার’। — কৃত্তিবাসের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তাঁর কাব্য-প্রতিভার মূল্যায়ন করো। ১০

**অথবা**

(চ) অনুবাদ সাহিত্য বলতে কী বোঝো ? মহাভারতের তিনজন অনুবাদকের নাম লেখো। শ্রেষ্ঠ অনুবাদকের অনুবাদ কর্মের পরিচয় ও কবি-প্রতিভার বৈশিষ্ট্য নির্দেশ করো। ১.৫+১.৫+৭

BARASAT GOVT COLLEGE *10 K N C Road, Barasat, Kol-124* LIBRARY

**একক – ৪**

(ছ) বৈষ্ণব সাহিত্য ও দর্শনে বৃন্দাবনের ষড়গোস্বামীর ভূমিকা আলোচনা করো। ১০

**অথবা**

(জ) শাক্ত পদাবলীর জনপ্রিয়তার কারণ কী ? এই ধারায় সাধক কবি কমলাকান্ত ভট্টাচার্যের কবি-প্রতিভার পরিচয় দাও। ৩+৭

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** বিষয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করোঃ (অনধিক ১৫০ শব্দে) ৫×২ =১০

(ক) বাংলা সাহিত্যের অন্ধকার যুগ

(খ) কবি বিজয় গুপ্ত

(গ) শ্রীকৃষ্ণবিজয়

(ঘ) খেতুরী-র মহোৎসব।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

## WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 1st Semester Examination, 2020, held in 2021

## BNGACOR02T-BENGALI (CC2)

### প্রাগাধুনিক বাংলা সাহিত্য পাঠ

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (অনধিক ৩০০ শব্দে) ১০×৪ = ৪০

**একক - ১**

(ক) অভিসার কাকে বলে ? তোমার পাঠ্যপদ অবলম্বনে এই পর্যায়ের কাব্যসৌন্দর্য বিচার করো। ২+৮

**অথবা**

(খ) বৈষ্ণব পদাবলীর পঞ্চরস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে মধুর রসের শ্রেষ্ঠত্ব নির্দেশ করো। ১০

**একক - ২**

(গ) বাঙালির ঘরের কথাই বড় হ'য়ে দেখা দিয়েছে শাক্ত পদগুলিতে — পাঠ্যপদ অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১০

**অথবা**

(ঘ) ''আমায় দেও মা তবিলদারী, ১+১+৮
আমি নিমকহারাম নই শঙ্করী।''
— পদকর্তা কে ? কোন্ পর্যায়ের পদ ? মায়ের কাছে ভক্ত-কবির যে অনুযোগ ব্যক্ত হয়েছে, পদটি অনুসরণে তার স্বরূপ বিশ্লেষণ করো।

**একক - ৩**

(ঙ) দুঃখ দারিদ্র্যের চিত্র অঙ্কনে অসাধারণ দক্ষতা সত্ত্বেও দুঃখবাদ নয়, জীবনরসের উপভোগ-ই কবিকঙ্কণের স্বভাবধর্ম — চণ্ডীমঙ্গলের আখেটিক খণ্ড অনুসরণে মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১০

**অথবা**

(চ) মুরারি শীল চরিত্রটি তার গোষ্ঠীজীবনকে আশ্রয় করেই উজ্জ্বল হ'য়ে উঠেছে। — আলোচনা করো। ১০

**একক - ৪**

(ছ) চৈতন্যভাগবতের আদিখণ্ডের দশম অধ্যায়ে 'বিষ্ণুপ্রিয়া পরিচয় বর্ণন' অংশটির পরিচয় দাও। প্রসঙ্গত, বিষ্ণুপ্রিয়া চরিত্র সৃষ্টিতে বৃন্দাবন দাসের দক্ষতা বিচার করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

**অথবা**

(জ) চৈতন্যভাগবতের আদিখণ্ডের অনুসরণে শ্রীচৈতন্য মহাপ্রভুর শৈশব-বাল্য-কৈশোর লীলার বর্ণনায় বৃন্দাবন দাসের কৃতিত্ব কতখানি তা বুঝিয়ে দাও। ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (অনধিক ১৫০ শব্দে) ৫× ২= ১০

(ক) ‘সিন্ধু নিকটে যদি কণ্ঠ শুকায়ব
কো দূর করব পিয়াসা॥’ ১+১+৩

— পদকর্তা কে ? কোন্ পর্যায়ের পদ ? উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো।

(খ) ‘ওরে নবমী নিশি, না হইও রে অবসান’ ১+১+৩

— পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) ‘শাশুড়ী ননদী নাহি নাহি তোর সতা।
কার সঙ্গে দ্বন্দ্ব করি চক্ষু কৈলি রাতা॥’ ১+১+২+১

— কে, কাকে কথাগুলি বলেছে ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ‘রাতা’ শব্দের অর্থ কি ?

(ঘ) ‘অতএব তীর্থ নহে তোমার সমান।
তীর্থের পরম তুমি মঙ্গল প্রধান॥’ ১+১+৩

— কে, কাকে কখন এই উক্তিটি করেছেন ?

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

## WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 1st Semester Examination, 2019

## BNGACOR01T-BENGALI (CC1)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও *চারটি* প্রশ্নের উত্তর দাও**
**(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)**

**একক - ১**

১। ‘চর্যাগীতি ধর্মসংগীত হলেও সমাজবিবিক্ত নয় – এই গানগুলির মধ্যে পাই তৎকালীন সমাজ।’ মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

**অথবা**

‘শ্রীকৃষ্ণকীর্তন’ কোন সময়ে রচিত ? এই পুঁথিটির মধ্যে প্রাপ্ত চিরকুটে নাম-সূচক শব্দটি কী ? ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটিতে যে নাটকীয়তা আছে তা কাব্যের কাহিনী অবলম্বনে আলোচনা করো। ১+১+৮=১০

**একক - ২**

২। মঙ্গলকাব্যের বৈশিষ্ট্য উল্লেখ করো। ‘মনসামঙ্গল’ কাব্যের যে-কোনো একজন কবির কৃতিত্ব লিপিবদ্ধ করো। ৩+৭= ১০

**অথবা**

মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে তাঁর সমকালীন আর্থ-সামাজিক অবস্থার যে চিত্রটি মেলে তা সংক্ষেপে বিবৃত করো। ১০

**একক - ৩**

৩। ভাগবতের একজন অনুবাদকের নাম উল্লেখ করো। অনুবাদক হিসাবে তাঁর শ্রেষ্ঠত্ব বিচার করো। ১+৯= ১০

**অথবা**

‘মধ্যযুগের দেবমাহাত্ম্যপূর্ণ কাব্য রচনার পরিবর্তে মানুষের রোমান্টিক প্রেমগাথা রচনা করলেন আরাকানের রাজসভার কবিরা।’ – মন্তব্যটি বিচার করো। ১০

**একক - ৪**

৪। প্রধান দুটি চৈতন্য জীবনী কাব্যের নাম লেখো। এই দুটি গ্রন্থের তুলনামূলক আলোচনা করো। ২+৮= ১০

**অথবা**

নাথ সাহিত্যের ধারাগুলি উল্লেখ করো। নাথ সাহিত্যের যে-কোনো একটি ধারার কাহিনী সংক্ষেপে আলোচনা করো। ২+৮= ১০

৫। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাওঃ ৫×২=১০

(ক) চর্যাপদের ভাষা সম্পর্কে লেখো
(খ) টীকা লেখোঃ কবিকঙ্কণ-চণ্ডী
(গ) শ্রীরাম পাঁচালী
(ঘ) বৈষ্ণব পদাবলী রচনাকার বিদ্যাপতি।

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*

**WEST BENGAL STATE UNIVERSITY**
B.A. Honours 1st Semester Examination, 2019

# BNGACOR02T-BENGALI (CC2)

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও *চারটি* প্রশ্নের উত্তর দাও**
**(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)**

## একক - ১

১। ধর্মনিরপেক্ষ গীতিকবিতা হিসেবেও বৈষ্ণব পদাবলী আধুনিক কাব্য পাঠকের কাছে আকর্ষণীয় হয়ে উঠেছে – এ বিষয়ে আলোচনা করে তোমার স্বাধীন মতামত ব্যক্ত করো। ১০

**অথবা**

'এ সখি হামারি দুখের নাহি ওর' - এটি কোন পর্যায়ের পদ ? পদকার কে ? পদটি বিশ্লেষণ করে কবি-কৃতিত্ব বিচার করো। ১+১+৮=১০

## একক - ২

২। আগমনী ও বিজয়া পর্যায়ের পদে সমকালীন সমাজের যে চিত্র ধরা পড়েছে তা পাঠ্যপদ অবলম্বনে আলোচনা করো। ১০

**অথবা**

'কেবল আসার আশা, ভবে আসা, আসা মাত্র হলো।' – পদকর্তা ও পদপর্যায়ের নাম উল্লেখ করে পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+৮=১০

## একক - ৩

৩। হাস্যরস সৃষ্টিতে মুকুন্দ চক্রবর্তীর দক্ষতা বিশ্লেষণ করো। ১০

**অথবা**

মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্য অবলম্বনে ফুল্লরা চরিত্রটির পরিচয় দাও। ১০

## একক - ৪

৪। 'চৈতন্যভাগবত'-এর আদিখণ্ড অবলম্বনে হরিদাসের চরিত্র ও মাহাত্ম্য বর্ণনা করো। ১০

**অথবা**

'চৈতন্যভাগবত'-এর আদিখণ্ড অনুসরণে 'গৌরাঙ্গ অবতরণের হেতু' এবং তৎকালীন 'নবদ্বীপের অবস্থা'র পরিচয় দাও। ১০

৫। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ **(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০)** ৫×২ = ১০

(ক) ‘অভিনব হেম কল্পতরু সঞ্চরু ১+১+৩=৫

ভকত-ভ্রমরগণ ভোর।’

কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) ‘ও পদ-পঙ্কজ লাগি, শঙ্কর হৈয়েছে যোগী গো। ১+১+৩=৫

হর হৃদি-মাঝে রাখে অতি যতনে॥’

পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

BARASAT GOVT COLLEGE *10 K N C Road, Barasat, Kol-124* LIBRARY

(গ) ‘কহিতে জানিস বেটা কপট প্রবন্ধ। ২+৩=৫

হৃদয়ে পূরিত বিষ মুখে মকরন্দ॥’

কার উদ্দেশ্যে কে একথা বলেছে ? উক্তিটির নিহিতার্থ ব্যাখ্যা করো।

(ঘ) ‘শ্রীধর বলেন আমি খোলা বেচি খাই ২+১+২=৫

ইহাতে কি দিব তাহা বলহ গোসাঞি॥’

শ্রীধর কে ? তিনি কার উদ্দেশ্যে একথা বলেছেন ? প্রসঙ্গ নির্দেশ করো।

———×———

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

লভধ্বং বিমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 1st Semester Examination, 2018

## BNGACOR01T-BENGALI (CC1)

## PRAGADHUNIK BANGLA SAHITYAR ITIHAS

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*The figures in the margin indicate marks of question. Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে। পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাও ১০×৪= ৪০

(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে)

### একক - ১

১। বাংলা সাহিত্যের প্রাচীনতম গ্রন্থের প্রকৃত নাম কী ? কে এই গ্রন্থটি কোথা থেকে আবিষ্কার করেন ? এই গ্রন্থটির সাহিত্যিক মূল্য বিচার করো। ১+২+৭

অথবা

শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি কে রচনা করেন ? এই কাব্যটি মোট কটি খণ্ডে রচিত ? ক্রমানুসারে খণ্ডগুলির নাম লেখো। এই কাব্যে সমসাময়িক বাংলাদেশের সমাজচিত্র সম্পর্কে যে ধারণা পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো। ১+১+২+৬

### একক - ২

২। মঙ্গলকাব্যের উৎপত্তির কারণ নির্দেশ করে 'অন্নদামঙ্গল' কাব্য-এর কাহিনী সংক্ষেপে বর্ণনা করো। এই কাব্যের রচয়িতা ভারতচন্দ্রের কাব্যকৃতির পরিচয় দাও। ২+৩+৫

অথবা

'ধর্মমঙ্গল'-কে কেন 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' বলে অভিহিত করা হয় ? এই কাব্যধারার শ্রেষ্ঠ কবির কৃতিত্ব পর্যালোচনা করো। ৪+৬

### একক - ৩

৩। মধ্যযুগে বাংলা অনুবাদ সাহিত্য সৃষ্টির সম্ভাব্য কারণগুলি আলোচনা করো। কবি কৃত্তিবাসের কাব্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫+৫

অথবা

মহাভারতের অনুবাদক ও তাঁদের অনুবাদ-কর্মের নাম উল্লেখ করো। কাশীরাম দাসের অনুবাদ-কর্মের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে কবির কৃতিত্ব বিচার করো। ৩+৭

BARASAT GOVT COLLEGE
LIBRARY
"10 K N C Road, Barasat, Kol-124"

**একক - ৪**

৪। চৈতন্যপূর্ব ও চৈতন্যোত্তর যুগের বৈষ্ণব পদাবলী সাহিত্যের প্রধান প্রধান পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ৫+৫

**অথবা**

শাক্ত পদাবলীর শ্রেষ্ঠ কবি রামপ্রসাদ সেনের কবিকৃতির পরিচয় দাও। ১০

৫। যে-কোনো ***দুটি*** বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাওঃ ৫×২= ১০

(ক) বাংলা সাহিত্যে তুর্কী আক্রমণের প্রভাব

(খ) শিবায়ন

(গ) শ্রীকৃষ্ণবিজয়

(ঘ) জয়ানন্দের চৈতন্যমঙ্গল।

——×——

लक्ष्यं विश्वमानम्

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 1st Semester Examination, 2018

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*

## BNGACOR02T-BENGALI (CC2)

## PRAGADHUNIK BANGALA SAHITYA PATH

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*The figures in the margin indicate marks of question. Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে। পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাও ১০×৪= ৪০

(প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ৩০০)

**একক - ১**

(ক) 'অভিসার' পর্যায়ের পদে আধ্যাত্মিক গৌরবের সঙ্গে রোমান্টিকতা যুক্ত হওয়ায় এর আস্বাদে বৈচিত্র্য এসেছে। - পাঠ্যপদ অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১০

**অথবা**

(খ) "সই কে বা শুনাইল শ্যাম নাম" - পদটি কার লেখা, কোন্ পর্যায়ের অন্তর্গত ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কাব্যকৃতিত্ব বিচার করো। ১+১+৮

**একক - ২**

(গ) 'ওহে প্রাণনাথ গিরিবর হে, ভয়ে তনু কাঁপিছে আমার'- কোন্ পর্যায়ের পদ ? পদকর্তার নাম কী ? পদটির কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

**অথবা**

(ঘ) "মাতৃচরণে শরণাগতি, মায়ের পায়ে অনন্ত নির্ভরতাই দুঃখ জয়ের সেরা উপায়।" - 'ভক্তের আকুতি' পর্যায়ের পদ অবলম্বনে এই অনুভূতির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

**একক - ৩**

(ঙ) "ভাঁড়ু দত্ত বাংলা সাহিত্যে অনন্য সংযোজন।" - পঠিত কাব্যাংশ অনুসরণে ভাঁড়ু দত্তের অনন্যতা ও এই চরিত্র-সৃষ্টিতে কবিকঙ্কণের কৃতিত্ব বিচার করো। ১০

**অথবা**

(চ) "দুঃখ-দারিদ্র্যের চিত্র অঙ্কনে অসাধারণ দক্ষতা সত্ত্বেও দুঃখবাদ নয়, জীবনরসের উপভোগই শ্রীকবিকঙ্কণের স্বভাবধর্ম।" - 'চণ্ডীমঙ্গল' কাব্যের আখেটিক খণ্ড অবলম্বনে এই মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*

একক - ৪

(ছ) 'চৈতন্যভাগবতে'র আদিখণ্ড অনুসরণে চৈতন্য চরিত্রের পরিচয় দাও। ১০

অথবা

(জ) 'চৈতন্যভাগবত'-এর আদিখণ্ডের দশম অধ্যায় 'বিষ্ণুপ্রিয়াপরিচয় বর্ণন' অংশটির পরিচয় দাও। প্রসঙ্গত, বিষ্ণুপ্রিয়া চরিত্র বর্ণনে বৃন্দাবন দাসের দক্ষতা বিচার করো। ৫+৫

২। যে-কোনো *দুটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ১৫০) ৫×২=১০

(ক) "কলঙ্কী বলিয়া ডাকে সব লোকে ১+১+৩
তাহাতে নাহিক দুখ।
তোমার লাগিয়া কলঙ্কের হার
গলায় পরিতে সুখ।।"
— কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) "মুকুরে হেরিয়া মুখ, উপজিল মহাসুখ, ১+১+৩
বিনিন্দিত কোটি শশধরে।"
— পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) "পিপীড়ার পাখা উঠে মরিবার তরে। ১+১+৩
কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে।।"
— কে, কাকে এমন কথা বলেছেন ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঘ) "নাম মাত্র ভেদ কহে হিন্দুরে যবনে। ১+১+৩
পরমার্থে এক কহে কোরাণে পুরাণে।।"
— কে কাকে একথা বলেছে ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*